# 47th BCS Preli Program

## 47th Preli Progressive Service

## Daily Live Exam International Affairs-04

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

World Bank আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে কবে?

A

১৯৪৩ সালে

B

১৯৪৪ সালে

C

১৯৪৫ সালে

D

১৯৪৬ সালে

**Solution:**

World Bank প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে এবং আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে ২৫ জুন, ১৯৪৬ সালে। ওয়ার্ল্ড ব্যাংকের প্রকৃত নাম 'International Bank for Reconstruction and Development (IBRD)'। এর বর্তমান সদস্য সংখ্যা ১৮৯। এর সদর দপ্তর ওয়াশিংটন ডি.সি (যুক্তরাষ্ট্র)। World Bank পাঁচটি অঙ্গসংগঠনের সমন্বয়ে গঠিত। এর অঙ্গ সংগঠনগুলো হলো- ১. IBRD, ২. IDA, ৩. IFC, ৪. ICSID, ৫. MIGA. এদের সবগুলোর কার্যালয় ওয়াশিংটন ডিসিতে (যুক্তরাষ্ট্র) অবস্থিত।

Question 2

আন্তর্জাতিক বাণিজ্যবিরোধ নিরসনে মধ্যস্থতা করে নিচের কোন সংস্থাটি?

A

ICSID

B

MIGA

C

IDA

D

IFC

**Solution:**

ICSID প্রতিষ্ঠিত হয় ১৪ অক্টোবর, ১৯৬৬। এর সদস্য সংখ্যা ১৫৭(সর্বশেষ সদস্য কিরগিজস্তান ২১ মে, ২০২২)। এ সংস্থা আন্তর্জাতিক বাণিজ্যবিরোধ নিরসনে মধ্যস্থতা করে।

Question 3

IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক কোনটি?

A

SPR

B

MDR

C

SDR

D

MPR

**Solution:**

IMF এর পূর্ণরূপ International Monetary Fund. এটি ১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৪৭ সালে এর কার্যক্রম শুরু হয়। IMF এর সদর দপ্তর যুক্তরাষ্ট্র ওয়াশিংটন ডিসি। এর বর্তমান সদস্য দেশ ১৯০টি এবং সর্বশেষ সদস্য অ্যান্ডোরা। IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক SDR (Special Drawing Rights)। SDR সুবিধা প্রবর্তনের জন্য ১৯৬৯ সালে IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয়। আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থাপনা এবং মুদ্রা বিনিময় হার স্থিতিশীল রাখাই IMF এর কাজ। Global Financial Stability Report প্রকাশ করে IMF। এটি নেতিবাচক ট্রেড ব্যালেন্স শোধরানোর জন্য ঋণ দেয় এবং বৈদেশিক বাণিজ্যের ভারসাম্যহীনতা হ্রাস করে ।

Question 4

এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর সদর দপ্তর কোন শহরে?

A

ওয়াশিংটন ডিসি

B

ব্যাংকক

C

টোকিও

D

ম্যানিলা

**Solution:**

ADB এর পূর্ণরূপ Asian Development Bank. এটি প্রতিষ্ঠিত হয় ২২ আগস্ট, ১৯৬৬ এবং আনুষ্ঠানিকভাবে কাজ/লেনদেন শুরু করে ১৯৬৬ সালের ১৯ ডিসেম্বর। বর্তমানে ADB এর সদস্য সংখ্যা ৬৮। সর্বশেষ সদস্য নিউ দ্বীপপুঞ্জ (১১ মার্চ, ২০১৯)। এর সদর দপ্তর ম্যানিলায় (ফিলিপাইন)। এশীয় উন্নয়ন ব্যাংকের প্রেসিডেন্ট নির্বাচিত হন জাপান থেকে। এর বর্তমান প্রেসিডেন্ট মাসাতসুগু আসাকাওয়া, জাপান, (১৭ জানুয়ারি, ২০২০ বর্তমান)।

Question 5

বাংলাদেশ AIIB (Asian Infrastructure Investment Bank) এর সদস্য পদ লাভ করে কত সালে?

A

২০১২ সালে

B

২০১৩ সালে

C

২০১৪ সালে

D

২০১৬ সালে

**Solution:**

AIIB এর পূর্ণরূপ Asian Infrastructure Investment Bank. এটি প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর, ২০১৪ সালে এবং কার্যক্রম শুরু হয় ১৬ জানুয়ারি, ২০১৬ সালে। এর সদর দপ্তর বেইজিং (চীন)। এর উদ্যোক্তা চীন (২০১৪ সালে)। AIIBএর প্রতিষ্ঠাতা সদস্য দেশ ২১টি। বাংলাদেশ সদস্য পদ লাভ করে ২২ মার্চ, ২০১৬। বর্তমান প্রেসিডেন্ট জিন লিকুন।

Question 6

## D-8 এর উদ্যোক্তা দেশ কোনটি?

A

বাংলদেশ

B

মালয়েশিয়া

C

তুর্কিয়ে

D

মিশর

**Solution:**

D-8 এর পূর্ণরূপ Developing Eight. এটি প্রতিষ্ঠিত হয় ৫ জুন, ১৯৯৭ সালে (উদ্যোক্তা দেশ তুর্কিয়ে)। এর সদর দপ্তর অবস্থিত ইস্তাম্বুল, তুর্কিয়ে। ৮টি মুসলিম উন্নয়নশীল দেশের জোটের নাম D-8. এর সদস্য দেশ সমূহ বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, ইরান, তুর্কিয়ে, মিশর, ইন্দোনেশিয়া।

Question 7

## WEF এর পূর্ণরূপ কী?

A

World Economic Fund

B

World Epidemic Form

C

World Economic Forum

D

World Emergency Forum

**Solution:**

WEF এর পূর্ণরূপ World Economic Forum. এটি প্রতিষ্ঠিত হয় জানুয়ারি ১৯৭১ সালে। এর সদর দপ্তর কলোগ্নি, সুইজারল্যান্ড। এর স্লোগান হলো 'বিশ্ব রাষ্ট্রের উন্নতি করতে প্রতিশ্রুতিবদ্ধ'।

Question 8

ECO (Economic Co-Operation Organization) এর প্রতিষ্ঠাতা সদস্য কোনটি?

A

আজারবাইজান

B

পাকিস্তান

C

তুর্কমেনিস্তান

D

আফগানিস্তান

**Solution:**

ECO এর পূর্ণরূপ Economic Co-Operation Organization. এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮৫ সালে। এর সদর দপ্তর অবস্থিত তেহরানে (ইরান)। এটির পূর্বতন সংগঠন Regional Co-Operation for Development (RCD). যেটি প্রতিষ্ঠিত হয়েছিল ১৯৬২ সালে। এর প্রতিষ্ঠাতা সদস্য ৩টি (ইরান, পাকিস্তান, তুর্কিয়ে)। বর্তমান সদস্য: ১০টি। এর সবগুলো সদস্যই ওআইসির সদস্য। সদস্য রাষ্ট্রগুলো হলো ইরান, পাকিস্তান, তুর্কিয়ে, আফগানিস্তান, কিরগিজস্তান, তুর্কমেনিস্তান, উজবেকিস্তান, কাজাখস্তান, আজারবাইজান ও তাজিকিস্তান।

Question 9

ব্রেক্সিট (BREXIT) কত তারিখে কার্যকর হয়?

A

৩১ ফেব্রুয়ারি, ২০২১

B

৩১ জানুয়ারি, ২০২০

C

৩১ জানুয়ারি, ২০২২

D

৩১ এপ্রিল, ২০২৩

**Solution:**

২০১৭ সালে Brexit বিল ব্রিটিশ পার্লামেন্টে চূড়ান্তভাবে পাশ হয়। ১৬ মার্চ, ২০১৭ সালে রানি এলিজাবেথের অনুমোদনের মাধ্যমে তা আইনে পরিণত হয়। ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে ২৯ মার্চ, ২০১৭ সালে লিসবন চুক্তির 'আর্টিকেল-৫০' প্রয়োগ করে EU থেকে বের হয়ে যাওয়ার প্রক্রিয়া শুরু করেন। কিন্তু নির্দিষ্ট সময়সীমার মাঝে ব্রেক্সিট বাস্তবায়নে ব্যর্থ হওয়ায় ২০১৯ সালের ৭ জুন থেরেসা মে কেও পদত্যাগ করতে হয়। পরিশেষে পরবর্তী প্রধানমন্ত্রী বরিস জনসনের সময়ে এসে ২০২০ সালের জানুয়ারিতে ব্রেক্সিট কার্যকর হয়। পরিশেষে আনুষ্ঠানিকভাবে ৩১ জানুয়ারি, ২০২০ সালে যুক্তরাজ্য ইউরোপীয় ইউনিয়ন (EU) ত্যাগ করে।

Question 10

নিচের কোনটি তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন?

A

UNPC

B

APEC

C

EUPC

D

OPEC

**Solution:**

OPEC হচ্ছে বিশ্বের তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন। এই সংস্থাটি বিশ্ববাজারে অপরিশোধিত তেলের বাজার নিয়ন্ত্রণ করে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। এর বর্তমান সদস্য ১২টি। ১ জানুয়ারি, ২০১৯ এ কাতার, ১ জানুয়ারি, ২০২০ এ ইকুয়েডর এবং ১ জানুয়ারি, ২০২৪এ অ্যাঙ্গোলা সদস্য পদ ছেড়ে দেয়।

Question 11

নিচের কোন জোটটির সবগুলো সদস্যই মুসলিম রাষ্ট্র?

A

D-8

B

G-7

C

ASEAN

D

ALLB

**Solution:**

১৫ জুন, ১৯৯৭ সালে মুসলিম উন্নয়নশীল ৮টি দেশ নিয়ে অর্থনৈতিক জোট ডি-৮ প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর তুরস্কের ইস্তাম্বুলে। এশিয়া, ইউরোপ ও আফ্রিকা মহাদেশের ৮টি মুসলিম উন্নয়নশীল রাষ্ট্র এর সদস্য। যথা: বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, ইরান, তুর্কিয়ে, মিশর ও ইন্দোনেশিয়া।

Question 12

বিশ্বব্যাংক থেকে সবচেয়ে বেশি ঋণ পেয়েছে-

A

ভারত

B

ফ্রান্স

C

বাংলাদেশ

D

ইন্দোনেশিয়া

**Solution:**

World Bank ২৫ জুন, ১৯৪৬ সালে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করার পর থেকে এখন পর্যন্ত ১৮৯টি দেশ সদস্যপদ গ্রহণ করেছে। এর মধ্যে প্রথম ঋণ পেয়েছে ফ্রান্স এবং সবচেয়ে বেশি ঋণ পেয়েছে ভারত।

Question 13

Global Financial Stability Report প্রকাশ করে কোন সংস্থা?

A
IMF
B
World Bank
C
WTO
D
NDB

**Solution:**

Global Financial Stability Report, IMF বছরে দুইবার (এপ্রিল, অক্টোবর) প্রকাশ করে। এই রিপোর্টে মূলত বিশ্বের আর্থিক বাজার ব্যবস্থাপনা ও উদীয়মান অর্থনীতির দেশগুলো ভারসাম্যতা যাচাই করে প্রকাশ করে। মূলত বিশ্বের বিভিন্ন দেশের অর্থনীতি ভঙ্গুরতা ও ঝুঁকি যাচাই করে।

Question 14

ব্রিকসের ১৫তম সম্মেলন (২০২৩) কোথায় অনুষ্ঠিত হয়?

A
দক্ষিণ আফ্রিকা
B
ব্রাজিল
C
ভারত
D
চীন

**Solution:**

প্রতি বছর ব্রিকসের সম্মেলন অনুষ্ঠিত হয়। ব্রিকসের ১৫তম সম্মেলন ২০২৩ সালে অনুষ্ঠিত হয় দক্ষিণ আফ্রিকায়।

Question 15

নিচের কোন মুদ্রাটি SDR ক্লাবের সদস্য নয়?

A

উয়ন

B

ডলার

C

রেনমেনবি

**D**

ইউরো

**Solution:**

১৯৬৫ সালে জাতিসংঘ এবং ১৯৬৯ সালে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) গঠনতন্ত্র সংশোধন হয়। ১৯৬৯ সালে আইএমএফ এর গঠনতন্ত্র সংশোধন হয়ে Special Drawing Rights (SDR) বা বিশেষ উত্তোলন অধিকার ও Structural Adjustment Program (SAP) বা কাঠামোগত সমন্বয় কর্মসূচি গ্রহণ করা হয়। বিশেষ উত্তোলন অধিকারের সূচক অনুসরণ করে বিভিন্ন দেশ তাদের বৈদেশিক মুদ্রার রিজার্ভ জমা রেখে থাকে। বর্তমানে বিশেষ উত্তোলন অধিকারের জন্য ৫টি মুদ্রা ব্যবহৃত হয়: ডলার, পাউন্ড, ইয়েন, ইউরো ও ইউয়ান (রেনমিনবি)। SDR কে IMF এর এলিট ক্লাবও বলা হয়ে থাকে। অপরদিকে, উন্নয়নশীল বিশ্বে আইএমএফ এর ঋনদান নীতিমালা হলো SAP.

Question 16

বিভিন্ন দেশকে Bail out প্যাকেজের মাধ্যমে দেউলিয়া থেকে রক্ষা করে কোন আর্থিক প্রতিষ্ঠান?

A

IMF

B

IBRD

C

ADB

D

AIIB

**Solution:**

অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের মতো IMF কোন সুনির্দিষ্ট প্রজেক্টে ঋণ প্রদান করে না। বরং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত দেশগুলোকে Bail out প্যাকেজের মাধ্যমে দেওলিয়া থেকে রক্ষা করে। সর্বশেষ শ্রীলংকা ৩ বিলিয়ন ডলার এই প্যাকেজের মাধ্যমে ঋণ সহায়তা পায়।

Question 17

বাংলাদেশ কবে ADB এর সদস্যপদ লাভ করে?

A

১৯৭৩ সালে

B

১৯৭২ সালে

C

১৯৭৪ সালে

D

১৯৭৫ সালে

**Solution:**

বাংলাদেশ ১৯৭৩ সালে ADB এর সদস্যপদ লাভ করে। ADB এখন পর্যন্ত বাংলাদেশের ৭০১টি সরকারি খাতে সর্বমোট ২৮.৩ বিলিয়ন ডলারের আর্থিক সহায়তা দেয়।

Question 18

New Development Bank কোন সংগঠন কর্তৃক প্রতিষ্ঠিত হয়?

A

BRICS

B

UN

C

G7

D

IMF

**Solution:**

BRICS এর ষষ্ঠ সম্মেলন ব্রাজিলের ফোর্তালেজা শহরে ১৫ জুলাই, ২০১৪ সালে অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে New Development Bank নামে একটি ব্যাংক প্রতিষ্ঠার জন্য চুক্তি স্বাক্ষরিত হয়। ২০১৫ সালের ২১ জুলাই চীনের সাংহাই শহরে ৭ম BRICS শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে ব্যাংকটি আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে।

Question 19

মেধাস্বত্ব বিষয়ক Trade-Related Aspects of Intellectual Property Rights (TRIPS) Agreement সম্পাদিত হয় কোন সংস্থার সদস্যদের মধ্যে?

A

WTO

B

UNHCR

C

UNESCO

D

World Bank

**Solution:**

১৯৯৪ সালে মরক্কোর মারাকাশে WTO সদস্য দেশগুলোর মধ্যে মেধাস্বত্ব বিষয়ক Trade-Related Aspects of Intellectual Property Rights (TRIPS) Agreement সম্পাদিত হয়। এছাড়া TRIMS চুক্তি পরবর্তীতে স্বাক্ষরিত হয়।

Question 20

ECB এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A

ফ্রাঙ্কফুট, জার্মানি

B

বার্লিন, জার্মানি

C

মাস্ট্রিক্ট, নেদারল্যান্ডস

D

লিসবন, পর্তুগাল

**Solution:**

ECB এর পূর্ণরূপ European Central Bank. এর সদর দপ্তর জার্মানির ফ্রাঙ্কফুটে অবস্থিত।

Question 21

ইউরো ব্যাংক নোটের প্রচলন হয় কবে থেকে শুরু হয়?

A

১ জানুয়ারি, ২০০২

B

১ জানুয়ারি, ২০০০

C

১ জানুয়ারি, ২০০১

D

১ জানুয়ারি, ১৯৯৯

**Solution:**

ষাটের দশক থেকে ইউরোপের দেশগুলোর মধ্যে একক অর্থনৈতিক এবং একক মুদ্রার জোটের আকাঙ্ক্ষার পরিণতি পায় ১৯৯২ সালের ৭ ফেব্রুয়ারিতে মাস্ট্রিচ চুক্তি স্বাক্ষরের মাধ্যমে। যার ফলে ১ জানুয়ারি, ১৯৯৯ সালে একক মুদ্রা হিসেবে ইউরো চালু হয় এবং ১ জানুয়ারি, ২০০২ ইউরো ব্যাংক নোটের প্রচলন হয়। এখন পর্যন্ত ২৬টি দেশ ইউরো মুদ্রা গ্রহণ করে। এর মধ্যে ২০টি ইউরোপের দেশ। এদেরকে একত্রে ইউরোজোন বলে।

Question 22

নিচের কোন দেশটি ইউরো মুদ্রা গ্রহণ করেনি?

A

পোল্যান্ড

B

চেক রিপাবলিক

C

সুইডেন

D

সবগুলো

**Solution:**

ইউরোপের দেশ হয়েও ইউরো মুদ্রা গ্রহণ করেনি ৭টি দেশ। যথা: বুলগেরিয়া, চেক রিপাবলিক, হাঙ্গেরি, পোল্যান্ড, রোমানিয়া, ডেনমার্ক এবং সুইডেন।

Question 23

## কোন দেশের নেতৃত্বে New G-7 গঠিত হয়?

A

রাশিয়া

B

ভারত

C

চীন

D

তুরস্ক

**Solution:**

২০১৪ সালে রাশিয়াকে G-7 থেকে বহিষ্কার করা হলে ২০১৫ সালের ১লা জানুয়ারিতে রাশিয়ার নেতৃত্বে গঠিত হয় New G-7. এর সদস্যসমূহ হলো: ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন, মেক্সিকো, ইন্দোনেশিয়া ও তুরস্ক।

Question 24

## নরওয়ের মুদ্রার নাম কী?

A

ক্রোন

B

লিউ

C

ফ্রাঙ্ক

D

রুবল

**Solution:**

নরওয়ের মুদ্রার নাম ক্রোন। এছাড়া ডেনমার্কের এর মুদ্রার নামও ক্রোন।

Question 25

কোন দেশটি BENELUX এর অন্তর্ভুক্ত নয়?

A

লুক্সেমবার্গ

B

নেদারল্যান্ডস

C

বেলজিয়াম

D

যুক্তরাজ্য

**Solution:**

BENELUX এর পূর্ণরূপ Belgium, Netherlands and Luxemburg Economic Co-operation. এটি প্রতিষ্ঠিত হয় ৫ সেপ্টেম্বর, ১৯৪৪ সালে। এর সদর দপ্তর ব্রাসেলস (বেলজিয়াম)। এর সদস্য সংখ্যা ৩টি (বেলজিয়াম, নেদারল্যান্ডস, লুক্সেমবার্গ)।

Question 26

অ্যাঙ্গোলা কত সালে ওপেকের সদস্য হয়?

A

২০২৪

B

২০১১

C

২০০৭

D

২০০৫

**Solution:**

২০০৭ সালে ওপেকের সদস্য হয় অ্যাঙ্গোলা। প্রতিদিন প্রায় ১১ লাখ ব্যারেল তেল উৎপাদন করে দক্ষিণ আফ্রিকার দেশটি। তেল উৎপাদন হ্রাস বৃদ্ধি সংক্রান্ত কারনে দেশটি ওপেক ছাড়ার সিদ্ধান্ত নেয় এবং ২০২৪ সালের ১ জানুয়ারি ওপেক ত্যাগ করে।

Question 27

## APTA এর প্রতিষ্ঠাকালীন নাম ছিল কোনটি?

A

Bangkok Agreement

B

Pacific Agreement

C

Asia Pacific Trade Agreement

D

Viena Agreement

**Solution:**

Asia Pacific Trade Agreement (APTA) হলো- এশীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বাণিজ্য চুক্তি। এর প্রতিষ্ঠাকালীন নাম ছিলো Bangkok Agreement. এটি ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত হয় এবং এর সদর দপ্তর থাইল্যান্ডের ব্যাংককে।

Question 28

## EFTA (European Free Trade Association) কোন কনভেনশনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়?

A

স্টকহোম কনভেনশন

B

জেনেভা কনভেনশন

C

রোম কনভেনশন

D

ব্রাসেলস কনভেনশন

**Solution:**

ইউরোপের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা এবং মুক্ত বাণিজ্য বৃদ্ধির জন্য EFTA (European Free Trade Association) ১৯৬০ সালে স্টকহোম কনভেনশনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। এর বর্তমান সদস্য ৪টি (আইসল্যান্ড, নরওয়ে, লিচেনস্টাইন, সুইজারল্যান্ড)।

Question 29

নিচের কোন দেশটি G-7 এর সদস্য নয়?

A

যুক্তরাজ্য

B

ইতালি

C

ভারত

D

জাপান

**Solution:**

Group of Seven (G-7) এর সদস্য দেশ নয় ভারত। এর সদস্য দেশগুলো হলো- জাপান, কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র। এই সাতটি দেশ হচ্ছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল স্বীকৃত বিশ্বের সাতটি মূল উন্নত অর্থনীতির দেশ।

Question 30

নিচের কোন সংগঠনটি বিভিন্ন দেশের পুনর্গঠন ও উন্নয়নের জন্য আন্তর্জাতিক ব্যাংকের সাথে সম্পর্কযুক্ত?

A

IDA

B

UNDP

C

ICSID

**D**

IMF

**Solution:**

IDA প্রতিষ্ঠিত হয় ১৯৬০ সালে। বর্তমানে এর সদস্য দেশ ১৭৩টি। এই সংস্থাটি দরিদ্র দেশগুলোতে বিনা সুদে ঋণ প্রদান করে থাকে বলে একে Soft Loan Window বলে। অর্থাৎ IDA বিভিন্ন দেশের পুনর্গঠন ও উন্নয়নের জন্য আন্তর্জাতিক ব্যাংকের সাথে সম্পর্কযুক্ত।